



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)
বাড়ী নং-৬, সোনারগাঁ জনপথ, সেক্টর নং-১১, উত্তরা, ঢাকা-১২৩০
ওয়েবসাইট: www.dknvat.gov.bd

আদেশ

কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট, গুলশান সার্কেল-৩ এ কর্মরত সহকারী রাজস্ব কর্মকর্তা জনাব মোঃ আব্দুল মালেক (জন্ম তারিখ-০১/০৭/১৯৮২খ্রিঃ) ভারতের ধর্মীয় স্থান পরিদর্শনের লক্ষ্যে ২৬/০৩/২০২০খ্রিঃ তারিখ হতে ০৯/০৪/২০২০খ্রিঃ তারিখ পর্যন্ত অথবা ছুটি ভোগের তারিখ হতে ১৫ (পনের) দিনের বহিঃ বাংলাদেশ ছুটি মঞ্জুরের লক্ষ্যে ০১/০৩/২০২০খ্রিঃ তারিখে আবেদন করেছেন। আবেদনের পরিপ্রেক্ষিতে, উক্ত কর্মকর্তাকে তাঁর স্ত্রীর সাথে ভারতের ধর্মীয় স্থান পরিদর্শনের জন্য ২৬/০৩/২০২০খ্রিঃ তারিখ হতে ০৯/০৪/২০২০খ্রিঃ তারিখ পর্যন্ত অথবা ছুটি ভোগের তারিখ হতে ১৫ (পনের) দিনের বহিঃ বাংলাদেশ ছুটি নিম্নোক্ত শর্তে মঞ্জুর করা হলোঃ

- (ক) প্রধানমন্ত্রীর কার্যালয়ের পরিপত্র নং-০৩.০৬৯.০২৫.০৬.০০.০০৩.২০১১-১৪৪(৫০০), তারিখ-১৯/০৬/২০১১খ্রিঃ ও জাতীয় রাজস্ব বোর্ডের পরিপত্র নং-০৮.০১.০০০০.০১৩.১৬.০০১-১৫/৩১৬(৬), তারিখ-২৫/০৩/২০১৫খ্রিঃ অনুসরণে এ অনুমতি প্রদান করা হলো;
- (খ) এটি ব্যক্তিগত ভ্রমণ হওয়ায় তিনি সরকারী খাত হতে কোন প্রকার আর্থিক সুবিধা ও সরকারীভাবে কোন বৈদেশিক মুদ্রা মঞ্জুরি পাবেন না;
- (গ) তাঁর বিদেশে অবস্থানকালীন বাংলাদেশ সরকারের দেশী ও বৈদেশিক মুদ্রায় কোন অর্থ ব্যয় হবে না অর্থাৎ এই ছুটি মঞ্জুরির আদেশে সরকারের কোন আর্থিক সংশ্লেষ নেই;
- (ঘ) আরও শর্ত থাকে যে, মঞ্জুরিকৃত বহিঃ বাংলাদেশ (অর্জিত) ছুটি কোন অবস্থাতেই বর্ধিত করা যাবে না এবং ছুটিকালীন বেতন তিনি বাংলাদেশী মুদ্রায় পাবেন;
- (ঙ) কোন কারণে ২৬/০৩/২০২০খ্রিঃ তারিখে ছুটিতে না গেলে প্রকৃত ছুটি ভোগের তারিখ সম্পর্কে ০২(দুই) দিন পূর্বে এই দপ্তরকে অবহিত করবেন; এবং
- (চ) এই অনুমতিপত্র জারির তারিখ হতে ০৩(তিন) মাস পর্যন্ত বলবৎ থাকবে।

স্বাক্ষরিত/-

জাকিয়া সুলতানা

কমিশনার

ফোন: ০২-৫৫০৮০৩১৫

ফ্যাক্স: ০২-৫৫০৮০৩২৩

ই-মেইল: commdkn@gmail.com

নথি নং-২(২৩)-২/ঢাকা উত্তর/জঃপ্রঃ/সদর/৮৮/২০১৮/১২৩ (৯)

তারিখ- ১১/৩/২০২০

অনুলিপি অবগতির জন্য-

- ১। অতিরিক্ত/যুগ্ম কমিশনার, কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা।
- ২। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, সিজিএ বিল্ডিং, সেগুনবাগিচা, ঢাকা।
- ৩। ইমিগ্রেশন অফিসার, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর/সোনা মসজিদ/দর্শনা/বেনাপোল।
- ৪। বিভাগীয় কর্মকর্তা, কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট, গুলশান বিভাগ।
- ৫। রাজস্ব কর্মকর্তা, কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট, গুলশান সার্কেল-৩।
- ৬। জনাব মোঃ আব্দুল মালেক, সহকারী রাজস্ব কর্মকর্তা, কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট, গুলশান সার্কেল-৩।
- ৭। পি.এ.টু কমিশনার, কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১১/৩/২০২০
জাকিয়া সুলতানা
সহকারী কমিশনার